সংবাদ

তারিখ: 22 DEC 2019
পৃষ্ঠা: ৫ কলাম: ৬

# কেরানীগঞ্জে শিক্ষার্থীদের সনদ বিতরণ

প্রতিনিধি, কেরানীগঞ্জ (ঢাকা)

গতকাল সোমবার সকাল ১১টায় কেরানীগঞ্জ উপজেলা মিলনায়তনে ঢাকা জেলা প্রশানন ও কেরানীগঞ্জ উপজেলা পরিষদ কর্তৃক আয়োজিত প্রথম ব্যাচের ফ্রিল্যান্সারদের স্পোকেন ইংলিশ কোচ, আউটসোসিং ২দ্বিতীয় ব্যাচের ছাত্রী- ছাত্রীদের মধ্যে সনদ বিতরণ করা হয়েছে। এ সময় তীতৃয় ব্যাচের উদ্বোধন করা হয়। কেরানীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামানের সভাপতিতে সনদ বিতরণ ও উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য দেন, ঢাকা জেলা প্রশাসক মো. তোফাজ্জল হোসেন মিয়া, কেরানীগঞ্জ উপজেলা চেয়ারম্যান শাহীন আহমেদ, পরিচালক নিগার সুলতানা (টিএমএসএস), অধ্যাপক ফিরোজ মুকুল (এফএম মেথড) প্রমুখ।